

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৩৫.০৩১.১৫-৫৫

তারিখ:-----  
২৬ মাঘ ১৪২২  
০৮ ফেব্রুয়ারি ২০১৬

**বিষয়: জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিসিএস (প্রশাসন) একাডেমিতে সরকারের উপসচিব পর্যায়ের কতিপয় কর্মকর্তার সঙ্গে তিনি গভর্নেন্স এন্ড ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। উক্ত প্রশিক্ষণকালে অন্যান্য বিষয়ের সঙ্গে প্রশিক্ষণার্থীগণ জেলা প্রশাসনের তিনবছর মেয়াদি একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২.০১.২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৪.১৬-১৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসাবে নিয়োগ দেওয়া হয়। গত ২১.০১.২০১৬ তারিখে বিসিএস (প্রশাসন) একাডেমিতে মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর দিক-নির্দেশনায় ইতোপূর্বে প্রণীত কর্মপরিকল্পনা আরও সংযোজন, সংশোধন ও পরিমার্জন করে কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ এবং কর্মসম্পাদনসূচকসমূহ প্রস্তুত করা হয়েছে। **উক্ত কর্মপরিকল্পনার চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল।**

০২। জেলা প্রশাসক হিসাবে যোগদানের পর তিনি তাঁর জেলার জন্য তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক উহা অনুমোদনের পরে বাস্তবায়ন করবেন মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন। সরকারের উন্নয়ন-লক্ষ্য অর্জন, চলমান কর্মসূচি বাস্তবায়ন, সংশ্লিষ্ট এলাকার বিশেষ বৈশিষ্ট্যের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান, জনগণের আশা-আকাঙ্ক্ষা বাস্তবে রূপদান, আর্থ-সামাজিক অগ্রগতি ত্বরান্বিতকরণ তথা মাঠ পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে তাঁর জেলায় বাস্তবায়নযোগ্য তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা সমীচীন হবে।

০৩। উপর্যুক্ত অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নকালে নিম্নের বিষয়সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হল:


- ক) কর্মপরিকল্পনাটি বাস্তবায়নযোগ্য ও পরিমাপযোগ্য হতে হবে;
- খ) যে সকল কার্যক্রম বর্তমানে বিভিন্ন কর্মকাণ্ডের আওতায় বাস্তবায়নের শেষ পর্যায়ে বা চলমান রয়েছে সে সকল ক্ষেত্রে চলমান কর্মসম্পাদন সূচকের সঙ্গে সঙ্গতি রেখে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;
- গ) সংশ্লিষ্ট জেলার বিশেষ বৈশিষ্ট্য কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে;
- ঘ) সরকারের সমকালীন উদ্যোগসমূহ কর্মপরিকল্পনায় সংযোজন করতে হবে;
- ঙ) এসডিজি, রূপকল্প ২০২১ ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনাকে বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;
- চ) তাঁর জেলার সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও অংশীজনদের মতামত গ্রহণপূর্বক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;
- ছ) মাননীয় প্রধানমন্ত্রীর আটটি বিশেষ উদ্যোগ (একটি বাড়ি একটি খামার প্রকল্প, আশ্রয়ণ প্রকল্প, ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা, নারীর ক্ষমতায়ন, ঘরে ঘরে বিদ্যুৎ, কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচি) ব্র্যান্ডিং-এর ক্ষেত্রে ভূমিকা কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে;
- জ) বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা উক্ত কর্মপরিকল্পনায় সংযোজন করতে হবে; এবং
- ঝ) উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে পরামর্শ গ্রহণের লক্ষ্যে তাঁর জেলার স্থায়ী অধিবাসী অথবা ঐ জেলায় কর্মরত ছিলেন এমন একজন কর্মরত অথবা অবসরপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিবকে মন্ত্রিপরিষদ বিভাগ উপদেষ্টা (Mentor) হিসাবে নিয়োগ দিবেন। বর্ণিত উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে উল্লিখিত বৈশিষ্ট্যসম্পন্ন তিনজন কর্মকর্তার নাম কর্মপরিকল্পনার সঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, তিনবছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিশেষ উদ্যোগ গ্রহণ, কাঠামোবদ্ধ ও পরিমাপযোগ্য করার লক্ষ্যে তাঁর যোগদানের তারিখ হতে একমাসের মধ্যে নিম্নোল্লিখিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখায় ই-মেইল (dfal\_sec@cabinet.gov.bd) যোগে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর জেলার অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রেরণের জন্য অনুরোধ করা হল:

.....জেলার তিন বছর মেয়াদি অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা

কার্যক্রমসমূহ	কর্মসম্পাদন সূচকসমূহ	একক (সংখ্যা/পরিমাণ/ শতকরা/তারিখ)	লক্ষ্যমাত্রা (সংশ্লিষ্ট বছরের)	সময়সীমা		অর্জন					
						২০১৬				২০১৭	২০১৮
				শুরু	শেষ	প্রান্তিক-১ জানুয়ারি-মার্চ	প্রান্তিক-২ এপ্রিল-জুন	প্রান্তিক-৩ জুলাই- সেপ্টেম্বর	প্রান্তিক-৪ অক্টোবর- ডিসেম্বর		

সংযুক্তি: বর্ণনামতে আট পৃষ্ঠা।

  
(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)  
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ)  
ফোন: ৯৫৭৩৮৩৩  
e-mail: [addl\\_dfa@cabinet.gov.bd](mailto:addl_dfa@cabinet.gov.bd)

জেলা প্রশাসক

..... (সংশ্লিষ্ট)।

**অনুলিপি:**

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।